হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির আগষ্ট,২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

সভার তারিখ : ৯ আগষ্ট ২০২১, সময় : দুপুর ১২:০০ ঘটিকা

সভার স্থান : স্ব স্ব অবস্থান থেকে Zoom Application এর মাধ্যমে Video Conferencing

সভার হাজিরা : Zoom Application এর মাধ্যমে Video Conferencing এ সরাসরি সংযুক্ত সকল সদস্য

Zoom Application এ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত সভায় সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানিত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য,এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট শাহাদাত বরণকারী হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	বিগত ১৯.০৭.২০২১ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে .শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	চেয়ারম্যান, ৬ নং রাজিউড়া ইউপি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রয়েছে। (২) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, বিগত ৭ আগষ্ট ২০২১ হতে ইউনিয়ন পর্যায়ে কোভিড-১৯ এর টিকা প্রদান করা হচ্ছে। উক্ত টিকা প্রদানে সকলের সহযোগিতা কামনা করেন। (৩) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, বর্তমানে চলমান ভ্যাকসিন কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করার জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। (৫) পরিদর্শক(তদন্ত), হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, জুলাই মাসে হবিগঞ্জ সদর মডেল থানায় মোট ১৮ টি মামলা রুজু হয়। তন্মধ্যে খুন ১,নারী ও শিশু নির্যাতন ১,সিঁদেল চুরি ২,মাদক আইনে ৩, চোরাচালান ৩ ও অন্যান্য ৮। হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল মর্মে জানান। (৫) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, আগষ্ট মাস শোকের মাস। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদদের প্রতি শ্রদ্ধা ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন, ১১ আগষ্ট হতে লকডাউন শিথিল হবে। তিনি আরও বলেন, লকডাউন শিথিল হলেও করোনা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে	(ক) টিকাদান কার্যক্রমে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। (খ) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ ছিনতাইকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া সকল ইউনিয়নে নিয়মিত ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করা হয়। (গ) করোনা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে সকলকে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) বিভাগীয় প্রধান (সকল)/জনপ্রতিনিধি (সকল), হবিগঞ্জ সদর (খ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/ সকল ইউপি চেয়ারম্যান, হবিগঞ্জ সদর (গ) বিভাগীয় প্রধান (সকল)/জনপ্রতিনিধি (সকল), হবিগঞ্জ সদর

		সকলকে কাজ করতে হবে। চলমান ভ্যাকসিনেশন কার্যক্রমে সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।		
		(৬) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩ ১৯৭৫ সনের ১৫ই আগষ্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদাত বরণকারী সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন, পূর্বের তুলনায় বর্তমানে সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি আরও বলেন, বর্তমানে মোটর সাইকেল ও টমটম চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। তা রোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	(ঘ) মোটর সাইকেল ও টমটম চোরদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঘ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		মদ,গাঁজা,ইয়াবা ও জুয়ার সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।	(ঙ) মদ,গাঁজা,ইয়াবা ও জুয়ার সাথে জড়িতদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ঙ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		করোনা প্রতিরোধে যারা অক্লান্ত পরিশ্রম করে আসছেন তাদেরকে তিনি ধন্যবাদ জানান। করোনা পরিস্থিতি মোকাবেলায় সকলে মিলে কাজ করার জন্য তিনি আহবান জানান।	(চ) করোনা পরিস্থিতি মোকাবেলায় সকলে মিলে একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(চ) জনপ্রতিনিধি(সকল) /বিভাগীয় প্রধান (সকল) হবিগঞ্জ সদর
		(১১) সভাপতি বলেন, আগষ্ট মাস শোকের মাস। ১৯৭৫ সনের ১৫ই আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছাসহ তাঁর পরিবারের সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন, ৫ই আগষ্ট শহীদ ক্যাপ্টেন বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল এঁর জন্মবার্ষিকী ও ৮ই আগষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এঁর জন্মবার্ষিকী সদর উপজেলায় উদযাপন করা হয়েছে। আগামী ১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা পরিষদ কমপ্লেক্সে বঙ্গবন্ধু ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এছাড়াও এ উপলক্ষে আয়োজিত অন্যান্য কর্মসূচীসমূহ সময়মত সকলকে জানিয়ে দেওয়া হবে। উক্ত অনুষ্ঠানসমূহে সকলকে অংশগ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।		
		তিনি করোনা প্রতিরোধে এবং উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সবাইকে একসাথে কাজ করার আহবান জানান।	(ছ) করোনা পরিস্থিতি প্রতিরোধে এবং উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সবাইকে একসাথে কাজ করতে হবে।	(ছ) বিভাগীয় প্রধান (সকল)/জনপ্রতিনিধি (সকল), হবিগঞ্জ সদর
		তিনি গ্রাম আদালতের জুলাই,২০২১ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়,লুকড়া ইউনিয়নে ০৪, রিচি ইউনিয়নে ১১,তেঘরিয়া ইউনিয়নে ১৪, পৈল ইউনিয়নে ০৯, গোপায়া ইউনিয়নে ০৯, রাজিউড়া ইউনিয়নে ১০,নিজামপুর ইউনিয়নে ০১ ও লস্করপুর ইউনিয়নে ০৪ সর্বমোট ৬২টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে।	(জ) অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(জ) ইউপি চেয়ারম্যান (সকল) হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট মামলার সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০৪	-	০৪	-	০৪	
রিচি	০১	১১	-	১১	-	১১	
তেঘরিয়া	০১	১৪	-	১৪	-	১৪	
পৈল	০১	০৯	-	০৯	-	০৯	
গোপায়া	০১	১৪	-	১৪	০৫	০৯	
রাজিউড়া	০১	১০	০১	১১	০১	১০	
নিজামপুর	০১	০৪	-	০৪	০৩	০১	
লস্করপুর	০১	০৪	০১	০৫	০১	০৪	
মোট =	০৮	৭০	০২	৭২	১০	৬২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯.০৮.২০২১

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২১- ৪৬৯/১

তারিখ: ৯ আগষ্ট ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৭। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
০৮। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

০৯.০৮.২০২১

উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ